ঝিনাইদহ পলিটেকনিকের ৫৬টি কম্পিউটার তছনছ ও যন্ত্রাংশ চুরি

ঝিনাইদহ পলিটেকনিক ইনষ্টিটিউটে দু:সাহসিক চুরির ঘটনা ঘটেছে। মঙ্গলবার রাত দুই টার দিকে প্রতিষ্ঠানটির মুল ভবনের দ্বিতীয় ও তৃতীয় তালায় চুরি সংগঠিত হয়। এসময় চোরচক্র প্রায় ৫৬ টি কম্পিউটারের যন্ত্রাংশ খুলে নিয়ে যায়। প্রতিষ্ঠানের অধ্যক্ষ প্রকৌশলী সাজেদ উর রহমান জানান, কলেজের সিসি ক্যামেরায় দেখা যায় মঙ্গলবার রাত পৌনে ৩ টার দিকে লুঙ্গি ও প্যান্ট পরিহিত ৩ জন ব্যাক্তি প্রাচীর টপকে মই দিয়ে ২য় তলায় ওঠে। তারা ২য় ও ৩য় তলায় থাকা কম্পিউটার ল্যাবের তালা কেটে ভেতরে ঢুকে অর্ধ-শতাধিক কম্পিউটারের র্যাম ও প্রসেসর খুলে নিয়ে যায়। এমনকি তারা যাওয়ার সময় কম্পিউটার ল্যাব’র দরজায় অন্য তালা লাগিয়ে চাবি প্রতিষ্ঠানে ফেলে রেখে যায়। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় মামলা করা হবে বলে জানান তিনি। কলেজের নিরাপত্তা প্রহরী বিল্লাল হোসেন বলেন, রাত ১০ টার দিকে আমি ডিউটিতে জয়েন করি। রাতে কখন চুরি হয়েছে আমি কিছুই জানি না। তবে এই চুরির সঙ্গে পলিটেকনিক ইনষ্টিটিউটের কেউ না কোউ জড়িত আছে বলে পুলিশ ধারণা করছে। ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা বলেন, আমরা চুরির ঘটনায় একটি অভিযোগ পাওয়ার পর সেখানে পুলিশ পাঠিয়েছি। চুরি হওয়া মালামাল উদ্ধার ও দোষীদের গ্রেফতারে অভিযান চালানো হচ্ছে।

কোটচাঁদপুরে বাল্য বিবাহ হলে ইমাম ও কাজির বিরুদ্ধে

[redacted]

[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে প্রতিবন্ধিতা প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুর গণমাধ্যম কর্মীদের নিয়ে প্রতিবন্ধিতা প্রতিরোধ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে মেহেরপুরের চাঁদবিলে ইমপ্যাক্ট ফাউন্ডেশন নামের একটি বেসরকারি প্রতিষ্ঠান এ কর্মশালার আয়োজন করে।
ইমপ্যাক্ট ফাউণ্ডেশন মেহেরপুরের প্রশাসক শফিকুল ইসলামের সভাপতিত্বে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের পরিচালক ডা. হাসিব মাহমুদ।

বক্তব্য দেন ফাউণ্ডেশনের প্রশিক্ষক টিপু সুলতান, সোনিয়া সুলতানা, সাংবাদিক তোজাম্মেল আযম, ইয়াদুল মোমিন, মাহাবুব চান্দু, আবু সাঈদ, আতিক স্বপন, মাহবুবুল হক পোলেন, মিজানুর রহমান জনি, মনিরুল ইসলাম প্রমুখ।

প্রশিক্ষণে প্রতিবন্ধি কিভাবে সৃষ্টি হয়, কিভাবে প্রতিরোধ করা যায় এবং সচেতনতা ও চিকিৎসার মাধ্যমে কিভাবে প্রতিবন্ধিতা রোধ করা যায় তা নিয়ে আলোচনা করা হয়। একই সঙ্গে প্রতিবন্ধিতা রোধে ইমপ্যাক্ট ফাউণ্ডেশনের বিভিন্ন কার্যক্রমের চিত্র উপস্থাপন করা হয়।

গাংনী সাহারবাটিতে ৭৩ জনের মধ্যে ২৮ জনই চেয়ারম্যানের

ওয়ার্ডের

খাদ্যবান্ধব কর্মসূচী তালিকার ৭৩ জনের মধ্যে চেয়ারম্যানের নিজ ওয়ার্ড থেকে তালিকাভুক্ত হয়েছে ২৮ জন। যারা চেয়ারম্যানের আত্মীয় বলে অভিযোগ করেছেন ইউপি সদস্যরা।
সদস্যদের সাথে সমন্বয় না করে তালিকা প্রস্তুত করেছেন মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউপি চেয়ারম্যান ফারুক হোসেন। ওই তালিকা যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার দাবিতে জেলা প্রশাসকের কাছে আবেদন করেছেন ইউপি সদস্যরা। আবেদনের একটি অনুলিপি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছেও দেওয়া হয়েছে।
প্যানেল চেয়ারমান নিজাম উদ্দীন স্বাক্ষরিত অভিযোগ সূত্রে জানা গেছে, চেয়ারম্যান গোলাম ফারুক পরিষদের কোন সদস্যর সাথে সমন্বয় না করে তিনি নিজের খেয়াল খুশিমত খাদ্যবান্ধব কর্মসৃচি প্রকল্পের জন ৭৩ জনের নামের তালিকা করে জমা দিয়েছেন। যেখানে তাঁর নিজের ৮নং ওয়াডে ২৮ জনের তালিকার অধিকাংশই প্রত্যক্ষ ও পরোক্ষভাবে তাঁর আত্মীয়। এর আগেও চেয়ারম্যান পরিষদের ইউপি সদস্যদের সাথে আলোচনা না করে অনেক সিন্ধান্ত নিয়েছেন।
গত ০৫ আগস্ট তারিখে আমরা একটি অভিযোগ দিতে চাইলে চেয়ারম্যান সকল ইউপি সদস্যদের সাথে আলোচনার ভিত্তিতে অঙ্গীর করেন,পরবর্তীতে সকল সিদ্ধান্ত তিনি সকল ইউপি সদস্যদের সাথে আলোচনা করে গ্রহন করবেন। কিন্ত এর পরেও কারও সাথে আলোচনার প্রয়োজনবোধ মনে করেন নাই।তিনি পূর্ববর্তী সময়ে এমন কাজ কয়েকবার করেছেন। আগামী সপ্তাহে খাদ্য বিতরণ শুরু হবে। এমতাবস্থায় উক্ত তালিকাটি যাচাই বাছাই করার পর খাদ্য সামগ্রী বিতরণ করার দাবি জানিয়েছেন।
অভিযোগে বলা হয়েছে, সাহারবাটি ইউনিয়ন পরিষদের সরকারি ভাবে খাদ্যবান্ধব কর্মসৃচিতে ৭৩জন সুবিধাভোগীর তালিকা তৈরি করেছে চেয়ারম্যান নিজে। যার ৯টি ওয়ার্ডের মধ্যে ১ নম্বর থেকে ২ জন, ২ নম্বর থেকে ৪ জন, ৩ নম্বর থেকে ৪ জন, ৪ নম্বর থেকে ৩জন, ৫ নম্বর থেকে ৪ জন, ৬ নম্বর থেকে ৭ জন, ৭ নম্বর থেকে ১৪ জন, ৮ নম্বর থেকে ২৮ জন এবং ৯ নম্বর থেকে ৯ জন করে মোট ৭৩ জনের তালিকা করা হয়েছে। ওয়ার্ডে মাত্র ২৪ জন সুবিধাভোগীদের তালিকা করা হয়েছে। বাকিগুলো চেয়ারম্যান কারোর সাথে সমন্বয় না করে তাঁর নিজের ৮নং ওয়ার্ডে ২৮ জন, পাশের দুটি ওয়ার্ড থেকে ২১ জনের তালিকা করেছেন। তালিকা তদন্ত করে চেয়ারম্যানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য দাবি করেছেন সদস্যরা।
এ ব্যাপারে সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক বলেন, আমার

ওয়ার্ডে সব থেকে বেশি ভোটার। সেই হিসেবে আমার ওয়ার্ড থেকে তালিকায় বেশি নাম দেওয়া হয়েছে। চেয়ারম্যান হিসেবে আমি জানি কোন ওয়ার্ডে কতজন দুস্থ রয়েছেন। ৮নম্বর ওয়ার্ডে দুস্থ বেশি রয়েছে। আর তালিকা সব সদস্যর সাথেই নেওয়া হয়েছে।
মেহেরপুরের জেলা প্রশাসক (ডিসি) ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, এ ধরণের একটি অভিযোগ পেয়েছি। বিষয়টি তদন্ত করে দেখা হবে। তদন্তে অপরাধ প্রমাণিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে শেখ হাসিনার ৭৫তম জন্মদিন পালিত

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা জননেত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন পালিত হয়েছে। মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এক বর্ণাঢ্য অনুষ্ঠান ও আলোচনা সভা,কেক কাটা ও দোয়ার আয়োজনের মধ্যদিয়ে জন্মদিন পালন করে গাংনী উপজেলা আওয়ামী লীগ ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, এমপি পত্নী লাইলা আরজুমান বানু, জেলা কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, উপজেলা আওয়ামীলীগের যুম্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদা বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম,পৌর আওয়ামীলীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলু,সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু। সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টারের সঞ্চালনায় অনুষ্ঠানে ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামীলগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

[illegible]

[illegible]

গাংনীতে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

‘ ‘তথ্য আমার অধিকার,জানতে হবে সবার’’ এ প্রতিপাদ্যে মেহেরপুরের গাংনীতে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত হয়েছে। মঙ্গলবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা প্রশাসন সম্মেলন অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান। উপজেলা প্রশাসন আয়োজিত ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, শিক্ষা অফিসার আলাউদ্দিন, তথ্য আপা রিফাত জাহানসহ উপজেলার সরকারি বিভিন্ন অফিসের কর্মকর্তা ও স্থানীয় সাংবাদিকবৃন্দরা এসময় বক্তব্য রাখেন।

দর্শনায় সড়ক দুর্ঘটনায় যুবক নিহত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মোটরসাইকেল দুর্ঘটনায় সোহান নামের এক যুবককের মৃত্যু হয়েছে। আজ সোমবার বেলা ৩ টার দিকে দর্শনা- জীবননগর সড়কের রশিকশাহ মাজারের নিকট এ দুর্ঘটনা ঘটে।
নিহত সোহান (১৭) দর্শনা আকোন্দবাড়িয়া নতুন পাড়ার সাহিদুল ইসলামের ছেলে। দর্শনার মালেকের ওয়ার্কসপের শ্রমিক। প্রত্যক্ষদর্শী হিমেল নামের এক যুবক বলে, সোমবার দুপুরে আমি ওই পাম্পে তেল নিচ্ছিলাম। মোটরসাইকেলটি আমার সামনে দিয়ে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কে আছড়ে পড়ে। আমি ওয়ার্কসপ মালিককে খবর দিই।
ওয়ার্কসপের মালিক আব্দুল মালেক বলেন, দুপুরের খাবার খেতে মোটরসাইকেল চালিয়ে বাড়ি যাচ্ছিল সোহান। এসময় দর্শনা-জীবননগর সড়কের রশিকশাহ মাজারের নিকট পৌঁছালে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কে উল্টে পড়ে। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
এদিকে, দুর্ঘটনার খবর পেয়ে সোহানের বাবা-মাসহ পরিবারের লোকজন

কোটচাঁদপুরে ৩টি হ্যান্ড গ্রেনেড ও ২’শ ৪৮ রাউন্ড গুলি উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাটিতে পুতে রাখা অবস্থায় পরিত্যক্ত ৩টি পাকিস্তানি তৈরী এম-৩৬ আরজেস্ট হ্যান্ড গ্রেনেড উদ্ধার করা হয়েছে। সোমবার দুপুরে ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানি কমান্ডার মেজর মীর্জা মোহাম্মদ শরিফুল আহ্সানের নেতৃত্বে পৌর এলাকার ডাকবাংলো পাড়ার একটি কলা বাগান থেকে মাটিতে পুতে রাখা অবস্থায় গ্রেনেডগুলি উদ্ধার করা হয়। র্যাব জানায়, উদ্ধারকৃত হ্যান্ড গ্রেনেড ৩টি পাকিস্তানের তৈরী। পরে র্যাবের খুলনা বোমা ডিসপোজাল ইউনিট উদ্ধারকৃত হ্যান্ড গ্রেনেড ৩টি নিষ্ক্রিয় করেন। এসময় র্যাবের স্কট কমান্ডার তারেক আনাম বান্না ও কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন উপস্থিত ছিলেন। জানা যায়, মুজিব বাহিনীর লিডার প্রয়াত বীর মুক্তিযোদ্ধা সামছুদ্দিন মন্ডলের ছেলে উজ্জ্বল (৪৫) বেশ কিছু দিন আগে পৈত্রিক জমিতে হলুদের চাষ করতেন। সে সময় হলুদ বাগানের পরিচর্যা করতে গিয়ে মাটিতে পুতে রাখা ২’শ ৪৮ রাউন্ড থ্রি নট থ্রি রাইফেলের গুলি পান। উজ্জ্বল গুলিগুলো বাগান থেকে নিজ বাড়িতে নিয়ে আসেন। গত শনিবার রাতে বিষয়টি তিনি থানা পুলিশকে জানালে
ওই রাতেই তার বাড়িতে থাকা বস্তা বন্দি অবস্থায় ২’শ ৪৮ রাউন্ড থ্রি নট থ্রি রাইফেলের গুলি পুলিশের নিকট হস্তান্তর করেন উজ্জ্বল। এখানে আরো আগ্নেয়াস্ত্র ও গোলা বারুদ থাকতে পারে এমন আশংকায় সোমবার সকালে র্যাবের বোমা ডিসপোজাল ইউনিট ঘটনাস্থলে আসেন ও অনুসন্ধান চালান। পরে সেখান থেকে মাটিতে পুতে রাখা এম-৩৬ আরজেস্ট হ্যান্ড গ্রেনেড গুলি উদ্ধার করা হয়। এদিকে কোটচাঁদপুর থানা পুলিশ গুলি উদ্ধারের বিষয়ে নিরব থাকার কারনে স্থানীয় সাংবাদিকরা সংবাদ সংগ্রহ করতে গিয়ে বিপাকে পড়েন।